



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ৩০ নভেম্বর ২০১৭

প্রেস বিজ্ঞপ্তি

### খাগড়াছড়িতে ইউপিডিএফ সংগঠককে গ্রেফতারের নিন্দা ও প্রতিবাদ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)-এর খাগড়াছড়ি জেলা ইউনিটের প্রধান সংগঠক সচিব চাকমা আজ ৩০ নভেম্বর ২০১৭, বৃহস্পতিবার সংবাদ মাধ্যমে প্রদত্ত এক বিবৃতিতে দলটির পানছড়ি উপজেলার প্রধান সংগঠক প্রদীপময় চাকমাকে গ্রেফতারের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তিনি অভিযোগ করে বলেন, প্রদীপময় চাকমা আজ দুপুরে খাগড়াছড়ি থেকে সিএনজি যোগে পানছড়িতে যাচ্ছিলেন। যাবার পথে ভাইবোনছড়া ইউপির দেওয়ান পাড়া সেনা চেকপোস্টে তাকে গ্রেফতার করা হয়। গ্রেফতারের পর তাকে খাগড়াছড়ি সেনা রিজিয়নে নিয়ে যাওয়া হলেও তাকে এখনো থানায় হস্তান্তর করা হয়নি।

বিবৃতিতে তিনি ইউপিডিএফ'র বিরুদ্ধে রাজনৈতিক দমনপীড়নের অংশ হিসেবে পানছড়ি উপজেলা সংগঠক প্রদীপময় চাকমাকে গ্রেফতার করা হয়েছে উল্লেখ করে বলেন, পার্বত্য চট্টগ্রামে ইউপিডিএফ'র ন্যায়সঙ্গত আন্দোলনকে দমিয়ে রাখার জন্যই নেতা-কর্মীদের অন্যায়ভাবে গ্রেফতার করা হচ্ছে।

তিনি অবিলম্বে গ্রেফতারকৃত প্রদীপময় চাকমাকে নিঃশর্ত মুক্তি দেয়ার দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)